



## নোয়াখালীতে নিষিদ্ধ যুবলীগের ঝটিকা বিক্ষোভ মিছিল



সংগৃহীত ছবি

নোয়াখালীর সদর উপজেলায় নিষিদ্ধ ঘোষিত সংগঠন যুবলীগের নেতাকর্মীরা আকস্মিক বিক্ষোভ মিছিল করেছেন। শুক্রবার (৮ মে) দুপুরে নোয়াখালী পৌর এলাকার মাইজদী বাজারের উত্তর দিক থেকে মিছিলটি বের হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, জুমার নামাজের পর কয়েকজন নেতাকর্মী পৌর এলাকার সামনে জড়ো হয়ে মিছিল শুরু করেন। তারা শহরের প্রধান সড়কের কয়েকটি অংশ ঘুরে দ্রুত সরে যান। এ সময় মিছিলকারীদের হাতে ব্যানার ও পোস্টার দেখা যায়। তারা সাবেক সংসদ সদস্য একরামুল করিম চৌধুরীর মুক্তির দাবিতে স্লোগান দেন। পাশাপাশি শেখ হাসিনাকে নিয়েও বিভিন্ন স্লোগান দেওয়া হয়।

সুধারাম মডেল থানার ওসি তৌহিদুল ইসলাম বলেন, ফাঁকা রাস্তার সুযোগ নিয়ে কিছু বহিরাগত ব্যক্তি হঠাৎ মিছিল বের করে দ্রুত চলে যায়। ঘটনায় জড়িতদের শনাক্তের চেষ্টা চলছে।

LENS ASIA